

একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৫.১৯/১২২৬/৬

তারিখ: ২৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
৭/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: মাগুরা জেলার সদর উপজেলাধীন অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব জিল্লুর রহমান, প্রভাষক(বাংলা) এর এমপিওভুক্তি।


সূত্র: রিট পিটিশন নং-৫৯৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব মো: জিল্লুর রহমান, প্রভাষক(বাংলা) এমপিওভুক্তির জন্য অত্র অধিদপ্তরে ০৫/০৩/২০১১ খ্রি. ও ৯/১১/২০১৮খ্রি. তারিখে দুটি আবেদন করেন। আবেদন দুটি নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৫৯৫/২০১৯ দায়ের করেন।

এ বিষয়ে আইন উপদেষ্টার মতামত: মাগুরা জেলার সদর উপজেলাধীন অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়ের প্রভাষক(বাংলা) জনাব মো: জিল্লুর রহমান এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৫৯৫/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য আদালত কোন রুলনিশি জারি না করে ৪ নং বিবাদীকে অর্থাৎ মহাপরিচালক, মাউশিকে পিটিশনারের ০৫/০৩/২০১১ খ্রি. ও ৯/১১/২০১৮খ্রি. তারিখের আবেদন বিধি মোতাবেক ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য আদেশ দেন। এ অবস্থায় জনবল কাঠামোর বিধি বিধান মোতাবেক পিটিশনারের এমপিওভুক্তির আবেদন দুটি দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারকে জানাতে হবে।

কলেজটিতে বর্তমানে প্রভাষক(বাংলা) পদে দুইজন শিক্ষক এমপিওভুক্ত আছে। কলেজটি ডিগ্রি পর্যায়ের এমপিওভুক্ত হওয়ায় বিদ্যমান জনবল কাঠামো অনুযায়ী উচ্চমাধ্যমিক এবং ডিগ্রি পর্যায়ে বিষয় অনুমোদন থাকলে বিষয়ভিত্তিক দুইজন শিক্ষকের এমপিওভুক্তির সুযোগ আছে। জুলাই/২০১৯ এমপিও অনুযায়ী বাংলা বিষয়ে দুইজন শিক্ষক এমপিওভুক্ত আছেন বিধায় কলেজটিতে প্রভাষক(বাংলা) পদে প্যাটার্নভুক্ত শূণ্য পদ নাই। তবে শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৮/২০১৮খ্রি. তারিখের আদেশ অনুযায়ী ২০১০ সালের পূর্বে বিধি মোতাবেক তৃতীয় পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক এর এমপিওভুক্তির সুযোগ আছে।

এমতাবস্থায়, বর্ণিত শিক্ষকের নিয়োগ প্রক্রিয়া যথাযথ হলে ৩য় শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য মাউশি অধিদপ্তরে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭



অধ্যক্ষ

অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়, সদর, মাগুরা।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়, খুলনা অঞ্চল, খুলনা।
- ০২। সভাপতি, পরিচালনা পরিষদ, অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়, সদর, মাগুরা।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মাগুরা।
- ০৫। জনাব জনাব মো: জিল্লুর রহমান, প্রভাষক(বাংলা), অমরেশ বসু ডিগ্রি মহাবিদ্যালয়, সদর, মাগুরা।
- ০৬। সংরক্ষণ নথি।